# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 02-07-2026** **Time: 1.30 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) ষোড়শ ভারত-জাপান বার্ষিক শীর্ষ সম্মেলন আজ নতুন দিল্লিতে চলছে ।

# প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, জাপানের প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচির মধ্যে বৈঠক শেষ হয়েছে।

২/ চলতি অর্থবর্ষে EPF জমার ওপর ৮ দশমিক ২/৫ শতাংশ সুদের হার ঘোষণা হয়েছে।

৩/ সারা দেশের জেলাগুলিতে আজ থেকে ভিবি-জি রাম জি প্রকল্পের রূপায়ণ শুরু হয়েছে।

৪/ পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সভাপতিত্বে আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠকে ‘অভিন্ন দেওয়ানি বিধি’ সংক্রান্ত বিলের খসড়া প্রস্তাব পেশ করা হবে।

৫/ বেঙ্গালুরুর নিকটে মাদাপাটনা গ্রামে একটি খাদানে একটি বড় পাথরের চাঙড় ভেঙে পরে ৭ জন পরিযায়ী শ্রমিকের মৃত্যু।

৬/ বার্ষিক অমরনাথ যাত্রার আজ সূচনা হয়েছে।

৭/ বিশ্বকাপ ফুটবলে রাউন্ড অফ থার্টি টু-র খেলায় আজ স্পেন, অস্ট্রিয়ার বিরুদ্ধে খেলবে।

-----------------------------------------------------------------------------------

ভারত-জাপান বার্ষিক শীর্ষ সম্মেলনে আজ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, জাপানের প্রধানমন্ত্রী সানায়ে তাকাইচির সঙ্গে শেষ হয়েছে। বৈঠকে, উভয় পক্ষের দ্বিপাক্ষিক সহযোগিতার সামগ্রিক ক্ষেত্র পর্যালোচনা ও জোরদার করার পাশাপাশি পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট আঞ্চলিক ও আন্তর্জাতিক বিভিন্ন বিষয়ে আলোচনা হয়। আলোচনার পর বেশ কয়েকটি সমঝোতা স্মারকপত্র-MoU স্বাক্ষরিত হয়েছে।

এদিকে, নতুন দিল্লির রাষ্ট্রপতি ভবনে, জাপানের প্রধানমন্ত্রী তাকাইচিকে আনুষ্ঠানিক অভ্যর্থনা জানানো হয়। এই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীও উপস্থিত ছিলেন।

জাপানের প্রধানমন্ত্রী তিনদিনের ভারত সফরে গতসন্ধ্যায় নতুন দিল্লিতে এসে পৌঁছেছেন। তাঁর প্রথম সরকারি ভারত সফর এটি। বিদেশমন্ত্রক জানিয়েছে, এই সফর ভারত-জাপান, দ্বিপাক্ষিক, বিশেষ কৌশলগত ও আন্তর্জাতিক অংশীদারিত্বের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা নেবে।

-------------------------------

এমপ্লয়িজ প্রভিডেন্ট ফান্ড অর্গানাইজেশন -EPFO আনুষ্ঠানিকভাবে ২০২৫-২৬ অর্থবছরের জন্য ই পি এফ জমার ওপর ৮ দশমিক ২/৫ শতাংশ সুদের হার ঘোষণা করেছে। ই পি এফ স্কিম, ১৯৫২ অনুযায়ী শ্রম ও কর্মসংস্থান মন্ত্রকের অনুমোদনের পর এই সুদের হার ঘোষণা করা হয়েছে। EPFO তার আঞ্চলিক ও জোনাল অফিসগুলিকে সদস্যদের ইপিএফ অ্যাকাউন্টে অনুমোদিত সুদ জমা করার নির্দেশ দিয়েছে।

-------------------------------

বিকশিত ভারত-গ্যারান্টি ফর রোজগার অ্যান্ড আজীবিকা মিশন (গ্রামীণ) বা ভিবি-জি রাম জি আইন, ২০২৫ সারা দেশে গতকাল বলবত হওয়ার পর আজ থেকে সারা দেশের জেলাগুলিতে এই প্রকল্পের রূপায়ণ শুরু হয়েছে। কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রক জানিয়েছে, প্রতি অর্থবর্ষে ১২৫ দিনের মজুরিভিত্তিক কাজের নিশ্চয়তা দেওয়া এই আইনটি, গ্রামীণ ভারতকে আরও শক্তিশালী ও স্বাবলম্বী করে তুলবে। কেন্দ্রীয় গ্রাময়নয়ন মন্ত্রী শিবরাজ সিং চৌহান বলেছেন, দেশজুড়ে এই নতুন ব্যবস্থা চালু করার জন্য চলতি অর্থবর্ষে ৯৫ হাজার ৬৯২ কোটি টাকার বাজেট বরাদ্দ করা হয়েছে।

বাইট

এদিকে, পশ্চিমবঙ্গের পুরুলিয়া ও কোচবিহার জেলায় আজ এই কর্মসূচীর রূপায়ণ শুরু হয়েছে।

--------------------------------

পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সভাপতিত্বে আজ রাজ্য মন্ত্রিসভার বৈঠক বসবে। বৈঠকে অভিন্ন দেওয়ানি বিধি–UCC সংক্রান্ত বিলের খসড়া প্রস্তাব পেশ করা হবে। UCC প্রণয়নের জন্য গুজরাট, উত্তরাখন্ড ও অসমের পদ্ধতি অনুসরণ করে, সুপ্রিম কোর্টের অবসরপ্রাপ্ত বিচারপতি রঞ্জনা দেশাই-এর নেতৃত্বে একটি কমিটি গঠন করা হয়েছে। এই কমিটির সুপারিশ অনুযায়ী আগামী আগস্ট মাসে বিধানসভায় অভিন্ন দেওয়ানি বিধি বিল পেশ করা হবে। বিবাহ, ডিভোর্স, দত্তক সহ মোট ৯'টি বিষয়ের ওপর সমীক্ষা করবে কমিটি।

এদিকে, বাজেট বরাদ্দ অনুযায়ী সুনির্দিষ্ট কর্মপরিকল্পনা তৈরি, নির্দিষ্ট সময়ে তার বাস্তবায়ন এবং বিভিন্ন দপ্তরের কাজের পর্যালোচনা করতে রাজ্য সরকারের উদ্যোগে

এক উচ্চপর্যায়ের বৈঠক বসতে চলেছে। মুখ্যমন্ত্রীর সভাপতিত্বে নবান্ন সংলগ্ন সভাঘরে ঐ বৈঠকে উপস্থিত থাকার জন্য মুখ্য সচিব, স্বরাষ্ট্র সচিব ছাড়াও সব দপ্তরের সচিব ও আধিকারিকদের নির্দেশ দেওয়া হয়েছে।

--------------------------------

পশ্চিমবঙ্গ বিধানসভার নবনির্বাচিত বিধায়কদের জন্য দু'দিনের প্রশিক্ষণ কর্মসূচির আয়োজন করছে লোকসভা সচিবালয়। আগামীকাল ও শনিবার কলকাতার নিউ টাউনে এবং বিধানসভায় যৌথভাবে এই কর্মসূচি অনুষ্ঠিত হবে। উদ্বোধন করবেন লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা। সমাপ্তি অধিবেশনেও তিনি উপস্থিত থাকবেন।

লোকসভা সচিবালয়ের পার্লামেন্টারি রিসার্চ অ্যান্ড ট্রেনিং ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি (প্রাইড)-এর উদ্যোগে এবং পশ্চিমবঙ্গ বিধানসভার সহযোগিতায় এই কর্মসূচির আয়োজন করা হয়েছে। প্রথম দিনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত থাকবেন পশ্চিমবঙ্গের মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী, বিধানসভার অধ্যক্ষ রথীন্দ্র বোস, বিরোধী দলনেতা ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, রাজ্যসভার উপাধ্যক্ষ হরিবংশ এবং কেন্দ্রীয় সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু।

--------------------------------

তৃণমূল কংগ্রেস দলের নির্বাচনী প্রতীক, তহবিলের নিয়ন্ত্রণ সহ বিভিন্ন বিষয়ে দলের অভ্যন্তরীণ সংঘাতের মধ্যেই, নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চের সঙ্গে আজ, পশ্চিমবঙ্গ বিধানসভার বিরোধী দলনেতা, বিক্ষুব্ধ বিধায়ক ঋতব্রত বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বাধীন শিবির মিলিত হন। ঋতব্রত, সন্দীপন সাহা, জাভেদ খান, আখরুজ্জামান সহ

১০ সদস্যের প্রতিনিধিদল দুপুরে নতুন দিল্লিতে নির্বাচন সদনে মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং অন্য নির্বাচন কমিশনারদের সঙ্গে বৈঠক করেন।

বৈঠকে তৃণমূল কংগ্রেসের প্রকৃত সাংগঠনিক নিয়ন্ত্রণ, দলীয় তহবিলের অধিকার এবং জোড়া ফুল প্রতীক নিয়ে ঋতব্রত শিবির তাদের দাবি কমিশনের সামনে তুলে ধরেন বলে শ্রী ঋতব্রত বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

--------------------------------

ISI-এর মদতপুষ্ট আন্তঃরাজ্য সন্ত্রাসবাদী ও অস্ত্র পাচার চক্রের বিরুদ্ধে এক অভিযানে, দিল্লি পুলিশের স্পেশাল সেল ৪ জনকে গ্রেফতার করেছে। পুলিশ জানিয়েছে, ISI-এর সঙ্গে যুক্ত শাহজাদ ভাট্টি ও তার সহযোগীদের নির্দেশে এরা জাতীয় রাজধানীতে নাশকতামূলক কার্যকলাপ চালানোর পরিকল্পনা করছিল। এই অভিযানে দুটি বিদেশি পিস্তল, ৯ টি তাজা কার্তুজ এবং ৫ টি মোবাইল ফোন উদ্ধার করা হয়েছে।

--------------------------------

ভারত, সন্ত্রাসবাদের বিরুদ্ধে দৃঢ় অবস্থান পুনর্ব্যক্ত করে বলেছে, কোনো পরিস্থিতিতেই সন্ত্রাসবাদকে সমর্থন বা এর স্বপক্ষে যৌক্তিক প্রমাণ হাজির করা যায় না। সন্ত্রাসবাদের বিরুদ্ধে সারাবিশ্বকে একযোগে কাজ করার আহ্বানও জানিয়েছেন ভারত। রাষ্ট্রসংঘের আন্তর্জাতিক সন্ত্রাসবাদ-বিরোধী কৌশলের নবম পর্যালোচনা বৈঠকে, ভারতের স্থায়ী প্রতিনিধি হরিশ পার্বথানেনি বলেছেন, একজন সন্ত্রাসবাদীর প্রধান পরিচয় সে নিজেই। তিনি জোর দিয়ে বলেন, রাজনৈতিক উদ্দেশ্যপ্রণোদিত বক্তব্যের মাধ্যমে সন্ত্রাসবাদ-বিরোধী প্রচেষ্টাকে দুর্বল করা উচিত নয়।

তিনি বলেন, ভারত কয়েক দশক ধরে আন্তঃসীমান্ত সন্ত্রাসবাদের শিকার হয়ে আসছে। সেকারণেই সব ধরনের সন্ত্রাসবাদেরই দ্ব্যর্থহীন নিন্দা করা প্রয়োজন বলে তিনি মন্তব্য করেন।

**বাইট-হরিশ**

সন্ত্রাসবাদ দমনে কোনো ধরনের দ্বিমুখী নীতি না রাখার ওপর শ্রী হরিশ জোর দেন এবং সদস্য দেশগুলির প্রতি আহ্বান জানান যাতে, তারা সন্ত্রাসবাদের অপরাধী, পরিকল্পনাকারী, অর্থ প্রদানকারী ও পৃষ্ঠপোষকদের বিরুদ্ধে যথাযথ ব্যবস্থা নেয়। এছাড়া তিনি দেশের পক্ষ থেকে 'আন্তর্জাতিক সন্ত্রাসবাদ বিষয়ক সার্বিক কনভেনশন' বা Comprehensive Convention on International Terrorism দ্রুত গ্রহণের আহ্বান জানিয়ে বলেন, কার্যকর আন্তর্জাতিক সহযোগিতার জন্য একটি সর্বজনীন আইনি কাঠামো প্রয়োজন।

---------------------------------

বেঙ্গালুরুর নিকটে মাদাপাটনা গ্রামে একটি খাদানে একটি বড় পাথরের চাঙড় ভেঙে পরে ৭ জন পরিযায়ী শ্রমিকের মৃত্যু হয়েছে। ওই খাদানের ওপরে চাঙড়টি সরানোর সময় শ্রমিকদের হাত ফসকে খনির ভেতর পড়ে গেলে, সেখানে কর্মরত শ্রমিকরা চাপা পড়ে যান। এই ঘটনায় আরও বেশ কয়েকজন শ্রমিক গুরুতর আহত হয়েছেন। তাঁদের উদ্ধার করে নিকটবর্তী হাসপাতালে পাঠানো হয়েছে। পুলিশ এই ঘটনায় একটি মামলা রুজু করে তদন্ত চালাচ্ছে। এই দুর্ঘটনায় নিহত শ্রমিকদের অধিকাংশই বিহার, মধ্য প্রদেশ ও কর্ণাটকের বাসিন্দা বলে জানা গেছে।

এই দুর্ঘটনায় নিহতদের পরিবারের সদস্যদের প্রতি শোক ও সমবেদনা জ্ঞাপন করেছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। এক সোশ্যাল মিডিয়া পোস্টে তিনি আহতদের দ্রুত সমবেদনা কামনা করেছেন।

--------------------------------

বার্ষিক অমরনাথ যাত্রা উপলক্ষে পুণ্যার্থীদের প্রথম দলের যাত্রার আজ সূচনা করেছেন জম্মু-কাশ্মীরের উপরাজ্যপাল মনোজ সিনহা। এদিন সকালে ভগবতী নগর বেস ক্যাম্প থেকে অমরনাথের উদ্দেশ্যে রওনা দেয় পুণ্যার্থীদের দলটি। এবার ৫৭ দিন ধরে চলবে অমরনাথ যাত্রা। শেষ হবে ২৮ শে অগাস্ট।

অনন্তনাগ জেলার ৪৮ কিলোমিটার দীর্ঘ নুনওয়ান-পহেলগাম রুট এবং গান্দেরওয়াল জেলার ১৪ কিলোমিটার দীর্ঘ বালতাল রুট ধরে চলবে এবারের অমরনাথ যাত্রা। এই উপলক্ষে বহুস্তরীয় কড়া নিরাপত্তার ব্যবস্থা করা হয়েছে। থাকছে সিসিটিভি ক্যামেরার নজরদারি ও আরএফআইডি ট্র্যাকিং।

--------------------------------

ইউক্রেনে, ধারাবাহিক রুশ হামলায় কিভের আবাসিক ভবনগুলিতে ড্রোন ও ক্ষেপণাস্ত্রের আঘাতে ১১ জন প্রাণ হারিয়েছেন, আহত বহু। গতরাত থেকে আজ ভোর পর্যন্ত শহরের বিভিন্ন স্থানে বিস্ফোরণের শব্দ শোনা গেছে। শহরজুড়ে বিমান হামলার সাইরেন বেজে ওঠে এবং অনেক বাসিন্দা মেট্রো স্টেশনগুলিতে আশ্রয় নেন। কিভের মেয়র ভিতালি ক্লিচকো জানিয়েছেন, শহরের কেন্দ্রস্থলে অবস্থিত শেভচেঙ্কো বুলেভার্ডের একটি হোটেলের ছাদে আগুন লেগেছে। চলতি সপ্তাহের শুরুর দিকে মস্কোতে, ইউক্রেনের হামলার পরই রাশিয়ার এই প্রত্যাঘাত।

---------------------------------

বিশ্বকাপ ফুটবলে, রাউন্ড অফ থার্টি টু-র ম্যাচে, আজ, মার্কিন যুক্তরাষ্ট্র, বসনিয়া হার্জেগোভিনাকে ২-০ গোলে হারিয়ে রাউন্ড অফ সিক্সটিনে পৌঁছেছে। যুক্তরাষ্ট্রের হয়ে ৪৫ মিনিটে ফোলারিন বালোগুন ও ৮২ মিনিটে মালিক টিলমান গোল করেন। ৬৪ মিনিটে যুক্তরাষ্ট্রের ফোলারিন বালোগুন লাল কার্ড দেখেন।

এদিকে, গতরাতের ম্যাচে, বেলজিয়াম, ৩-২ গোলে সেনেগলকে হারিয়ে রাউণ্ড অফ সিক্সটিনে উঠেছে। সেনেগালের হয়ে প্রথমে ২৪ মিনিটে হাবিব দিয়ারা ও ৫১ মিনিটে ইসমাইল সার গোল করেন। এরপর ৮৬ মিনিটে বেলজিয়ামের রোমেলু লুকাকু ও ৮৯ মিনিটে ইউরি তিয়েলেমানস গোল করে সমতা ফেরান। এরপর খেলা অতিরিক্ত সময়ে গড়ালে সংযুক্ত সময়ের শেষে পেনাল্টি থেকে তিয়েলেমানস আরও একটি গোল করলে বেলজিয়াম ম্যাচটি জিতে যায়।

অন্য খেলায়, ইংল্যান্ড, গণপ্রজাতন্ত্রী কঙ্গোকে ২-১ গোলে হারিয়ে রাউন্ড অফ সিক্সটিনে উঠেছে। কঙ্গোর হয়ে ব্রায়ান সিপেঙ্গা ৭ মিনিটে প্রথম গোল করেন। এরপর ইংল্যান্ডের অধিনায়ক হ্যারি কেন ৭৫ ও ৮৬ মিনিটে দুটি গোল করে দলকে জয়ের রাস্তায় ফিরিয়ে আনেন।

রাউন্ড অফ সিক্সটিনে, বেলজিয়াম, মার্কিন যুক্তরাষ্ট্রের ও ইংল্যান্ড মেক্সিকোর বিরুদ্ধে খেলবে।

আজ, রাউন্ড অফ থার্টি টু-র খেলায় স্পেন, অস্ট্রিয়ার বিরুদ্ধে খেলবে। লস অ্যাঞ্জেলেসের ইঙ্গেলউড স্টেডিয়ামে খেলা শুরু হবে ভারতীয় সময় রাত সাড়ে ১২ টায়।

---------------------------------

ওভালে আজ মহিলাদের টি-২০ ক্রিকেট বিশ্বকাপের দ্বিতীয় সেমিফাইনালে ইংল্যান্ড, দক্ষিণ আফ্রিকার মুখোমুখি হবে। খেলা শুরু হবে ভারতীয় সময় রাত এগারোটায়।

প্রথম সেমিফাইনালে অস্ট্রেলিয়া, ওয়েস্ট ইন্ডিজকে ৮ উইকেটে হারিয়ে প্রথম দল হিসেবে বিশ্বকাপের ফাইনালে পৌঁছেছে।

-------------------------------- --------------------------------